দৈনিক বাংলা

তারিখ 29/9/78
পৃষ্ঠা 4 কলাম 1



# আজ দ্বিতীয় জাতীয় বিজ্ঞান সপ্তাহ শুরু

আজ শুক্রবার থেকে সারা দেশে দ্বিতীয় জাতীয় বিজ্ঞান সপ্তাহ শুরু হচ্ছে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি-বিদ্যা পরিষদ এর উদ্যোক্তা। ঢাকা সহ দেশের বিভিন্ন জেলা শহর ও মহকুমা শহরে এ সপ্তাহ আগামী ৫ই অক্টোবর পর্যন্ত চলবে।

বিজ্ঞান সপ্তাহ উদযাপনের কর্মসূচীর মধ্যে রয়েছে বিজ্ঞান মেলা, প্রদর্শনী ও আলোচনা সভা। বিভিন্ন স্কুল-কলেজের ছাত্রছাত্রী সহ শতাধিক বিজ্ঞান ক্লাব এতে অংশ নিচ্ছে।

ঢাকা শহরের জগন্নাথ কলেজ, টিচার্স ট্রেনিং কলেজ, তিতুমীর কলেজ ও খিলগাঁও গবর্নমেন্ট হাইস্কুলে আজ শুক্রবার সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

খবর প্রেস বিজ্ঞপ্তির।